

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।

দ্বাদশ শ্রেণীর সৃজনশীল প্রশ্ন-ভিত্তিক অ্যামাইন মেম্বার ২০২০

বিষয়ঃ হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র (২৫৪)

শিক্ষাবর্ষঃ ২০১৯-২০২০ [যেকোন তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে] পূর্ণমানঃ ৩০

১। A, B ও C একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান ২ঃ২ঃ১ অনুপাতে বন্টন করে নেয়। ২০২০ সালের ১ জানুয়ারি তাদের মূলধন ছিল- যথাক্রমে ২,৫০,০০০ টাকা, ২,০০,০০০ টাকা এবং ১,৫০,০০০ টাকা। মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে। C সার্বক্ষণিক দায়িত্ব পালনের জন্য ব্যবসা থেকে বছরে ২৪,০০০ টাকা বেতন পাবেন। B ব্যবসায়ে ১-৭-২০২০ তারিখে ৫০,০০০ টাকা ঋণ আনয়ন করেন। অংশীদারগণ প্রত্যেকে কারবার থেকে প্রতি মাসের শুরুতে ২,০০০ টাকা করে নগদ উত্তোলন করেন। উপরোক্ত সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ১,৬০,৫৫০ টাকায় উপনীত হয়।

ক. B-এর ঋণের সুদের পরিমাণ নির্ণয় করো। ২ খ. লাভ-লোকসান আবেদন হিসাব তৈরি করো। ৪ গ. A এবং C -এর মূলধন হিসাব তৈরি করো। ৪  
২. লিমা কোম্পানি লি.-এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বৃত্ত ও অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদান করা হলো :

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	৭,০০,০০০	ভূমি ও দালানকোঠা	৬,০০,০০০
অগ্রাধিকার শেয়ার মূলধন	৩,০০,০০০	কলকজা	২,০০,০০০
সাধারণ সঞ্চিতি	২৭,০০০	আসবাবপত্র	৬৫,০০০
সংরক্ষিত আয়	৩০,০০০	মজুদ পণ্য	৩,০০,০০০
১২% ঋণপত্র	২,০০,০০০	প্রাপ্য হিসাব	৯০,০০০
প্রদেয় হিসাব	১,৫০,০০০	প্রাপ্য নোট	১,০০,০০০
প্রদেয় নোট	৪০,০০০	হাতে নগদ	১০,০০০
ব্যাংক জমাতিরিক্ত	৬০,০০০	প্রাথমিক খরচাবলি	১,৪২,০০০
	১৫,০৭,০০০		১৫,০৭,০০০

ক. মালিকানা স্বত্ব নির্ণয় করো। ২

খ. মন্তব্যসহ চলতি অনুপাত ও ত্বরিত অনুপাত নির্ণয় করো। ৪

গ. কার্যকরী মূলধন অনুপাত ও দায়-মালিকানা অনুপাত নির্ণয় করে কোম্পানির আর্থিক অবস্থার ওপর মন্তব্য করো। ৪

৩. গোমতি কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি প্রতি শেয়ার ৫ টাকা অধিহারে ৩,০০,০০০ শেয়ার বিক্রির জন্য ইস্যু করল। ৩,৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ৩,০০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বন্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেয়া হলো।

ক. কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করো। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৪. রাজীব লিমিটেডের ২০২০ সালের জুন মাসের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয় —

জুন ১ প্রারম্ভিক মজুদ ২০০ একক, প্রতি একক ১০.০০ টাকা মূল্যে।

" ৩ ক্রয় ৪০০ একক, প্রতি একক ১১.০০ টাকা করে।

" ৫ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৫০ টাকা।

" ৭ বিক্রয় ১০০০ একক, প্রতি একক ১২.০০ টাকা।

" ৮ ক্রয় ৫০০ একক, প্রতি একক ১১.৭০ টাকা।

" ১০ বিক্রয় ৩০০ একক, প্রতি একক ১২.৫০ টাকা।

ক. মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২ খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. LIFO পদ্ধতিতে জুন ৭ ও ১০ তারিখের বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

৫. কোহিনুর কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৫,০০,০০০ টাকা যাহা প্রতিটি ১০ টাকা মূল্যের

৫০,০০০ শেয়ারে বিভক্ত। ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নে প্রদত্ত হলো :

কোহিনুর কোম্পানি লিমিটেড রেওয়ামিল

ডেবিট	৩১ ডিসেম্বর, ২০২০		ক্রেডিট	
হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা	
মজুদ পণ্য (১.১.২০)	৬০,০০০	শেয়ার মূলধন (প্রতি শেয়ারে		
ক্রয়	৯০,০০০	১০ টাকা করে ২০,০০০ শেয়ার)		২,০০,০০০
মনিহারি	৪,০০০	সংরক্ষিত আয় বিবরণীর		
বেতন	২০,০০০	উদ্বৃত্ত (৩১.১২.১৯)		১০,০০০
দপ্তর খরচ	২,০০০	লভ্যাংশ সমতাকরণ তহবিল		৫,০০০
বিলম্বিত বিজ্ঞাপন	৫,০০০	বিক্রয়		১,০৪,০০০
প্রাপ্য হিসাব	৬০,০০০	প্রদেয় হিসাব		৩০,০০০
আয়কর	২,০০০	আয়কর সঞ্চিতি		৬,০০০
কলকজা	৪৮,০০০	১২% ঋণ		২০,০০০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	১২,০০০	শিক্ষানবিশ সেলামি		৬,০০০
মোটের গাড়ি	৭০,০০০			
রপ্তানি শুল্ক	৮,০০০			
	৩,৮১,০০০			৩,৮১,০০০

সমন্বয়সমূহঃ ১. সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ৭০,০০০ টাকা যার ক্রয়মূল্য ৬৫,০০০ টাকা। ২. প্রদেয় মাসিক বেতনের পরিমাণ ১,৫০০ টাকা। ৩. ঋণের পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে। ৪. মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৩,০০০ টাকা, বিক্রয়ের অন্তর্ভুক্ত আছে। ৫. বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রেরিত ৫,০০০ টাকার পণ্য বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে যাহা এখনও বিক্রয় বলে নিশ্চিত হওয়া যায়নি। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৪,০০০ টাকা। ৬. প্রদেয় হিসাবের ওপর ২% হারে বাট্টা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

ক. নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২ খ. মোট লাভ ১৮,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি করো। ৪ গ. সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪